নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০৪৩.২১-৫০২

তারিখ: ২৬ কার্তিক ১৪২৮ / ১১ নভেম্বর ২০২০

**বিষয়: ইউনিয়ন পরিষদের উপনির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে মাননীয় নির্বাচন কমিশন ইউনিয়ন পরিষদের বিভিন্ন শূন্য পদে উপনির্বাচন (সংলগ্নী-১) অনুষ্ঠানের লক্ষ্যে আগামী **২৩ ডিসেম্বর ২০২১** তারিখে ভোটগ্রহণের জন্য সিদ্ধান্ত প্রদান করেছেন।

২। **রিটার্নিং অফিসার নিয়োগ** : স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫ বিধি অনুসারে সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তাকে নির্বাচন পরিচালনার উদ্দেশ্যে, প্রতিটি ইউনিয়ন পরিষদের জন্য সংশ্লিষ্ট উপজেলা অফিসারকে বা, ক্ষেত্রমত পাশ্ববর্তী উপজেলার উপজেলা নির্বাচন অফিসারকে রিটার্নিং অফিসার নিয়োগ করতে হবে।

৩। **আপিল কর্তৃপক্ষ নিয়োগ** : স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৫ অনুযায়ি আপিল কর্তৃপক্ষ হিসেবে সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা নিয়োজিত থাকবেন।

৪। **ভোটগ্রহণের সময়সীমা** : বর্ণিত তফসিল অনুসারে ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ করা হবে।

৫। **সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা :** উল্লিখিত সময়সূচি অনুসারে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিশেষ করে মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল গ্রহণের দিনসমূহ প্রতীক বরাদ্দসহ গুরুত্বপূর্ণ দিনে রিটার্নিং অফিসারের অফিস, জেলা কর্মকর্তার অফিস ও উপজেলা নির্বাচন কর্মকর্তার অফিস সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে **সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি.** পর্যন্ত খোলা রেখে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। তাছাড়া প্রয়োজনে অফিস সময়ের পরেও অফিস খোলা রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। **অন্যান্য নির্দেশনা** :

(ক) সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনের নির্দেশনা অনুসারে যাবতীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

(খ) আইন, বিধি এবং ইতঃপূর্বে জারিকৃত পরিপত্র ও অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে।

৭। বর্ণিতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা অনুসারে সংলগ্নী-১ এ উল্লিখিত ইউনিয়ন পরিষদের উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

১১/১১/২০২০

**মোঃ আতিয়ার রহমান**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail:sasemc1@gmail.com

সংলগ্নী: উপরে বর্ণিত

১। সিনিয়র/জেলা নির্বাচন অফিসার, .................. (সংশ্লিষ্ট)
২। উপজেলা নির্বাহী অফিসার,......................... (সংশ্লিষ্ট)
৩। উপজেলা নির্বাচন অফিসার, ...................... (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০৪৩.২১-৫০২

তারিখ: ২৬ কার্তিক ১৪২৮ / ১১ নভেম্বর ২০২০

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা

৫. সিনিয়র সচিব/সচিব, ......................................................(সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, ............................................... (সংশ্লিষ্ট)
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, .........................................(সংশ্লিষ্ট)
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৩. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. মহাব্যবস্থাপক (সি.আই.বি), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
১৫. জেলা প্রশাসক, ........................................ (সংশ্লিষ্ট)
১৬. পুলিশ সুপার, ...............................................................(সংশ্লিষ্ট)
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..........................................(সংশ্লিষ্ট)
১৮. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৯. মাননীয় নির্বাচন কমিশনার জনাব .................................................. এর একান্ত সচিব (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২০. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২১. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ................................................(সংশ্লিষ্ট)
২২. ...........................................................................................রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
২৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, .............................................................. (সংশ্লিষ্ট থানা)।

০৩/১১/২০২১

**(মোহাম্মদ আশফাকুর রহমান)**
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২

সংলগ্নী-১

## ইউনিয়ন পরিষদের বিভিন্ন শূন্য চেয়ারম্যান, সাধারণ ওয়ার্ডের সদস্য ও সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদে উপনির্বাচনের বিবরণী

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| ১. | টাঙ্গাইল | সখিপুর | গজারিয়া | ৬নং ওয়ার্ডের সাধারণ সদস্য |
| ২. | চুয়াডাঙ্গা | জীবননগর | বাঁকা | ৫নং ওয়ার্ডের সাধারণ সদস্য |
| ৩. | বরিশাল | হিজলা | ধূলখোলা | চেয়ারম্যান |
| ৪. | | উজিরপুর | জয়া | ১নং সংক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৫. | ঝালকাঠি | কাঠালিয়া | আমুয়া | ৭নং ওয়ার্ডের সাধারণ সদস্য |
| ৬. | | নলছিটি | রানাপাশা | ৭নং ওয়ার্ডের সাধারণ সদস্য |
| ৭. | পটুয়াখালী | কলাপাড়া | মহিপুর | ৫নং ওয়ার্ডের সাধারণ সদস্য |
| ৮. | কুমিল্লা | লাকসাম | মুদাফ্ফরগঞ্জ | ৩নং ওয়ার্ডের সাধারণ সদস্য |